

তারিখ: ১০/০২/২০২০ খ্রি.

২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের জন্য রেজিস্ট্রেশনের লক্ষ্যে আবেদন ফরম পূরণ অন-লাইনে ১০/০২/২০২০ থেকে ২৩/০২/২০২০ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। আগ্রহী প্রার্থীকে নিম্নোক্ত শর্তপূরণ সাপেক্ষে ফরম ডাউনলোড করার পর প্রিন্টকপি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি কলেজ অফিসে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

১। আবেদনের সময়সীমা:

(ক) আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ জমাদানের শেষ তারিখ : ২৪/০২/২০২০ খ্রি.

(ক) আবেদন, রেজিস্ট্রেশন, ইনকোর্স ও ব্যবস্থাপনা ফি ১,০৮৫/- (এক হাজার পঁচাশি) টাকা জমা দিতে হবে।

২। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সের যোগ্যতা:

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৮ সাল বা তৎপূর্বে HSC পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ এবং তৎসংশ্লিষ্ট SSC পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৮ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস/সম্মান) নিয়মিত/প্রাইভেট কোর্সে অধ্যয়নরত/রেজিস্ট্রেশনকৃত কোন শিক্ষার্থী ২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল পূর্বক ২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশন করতে পারবে।

৩। সার্টিফিকেট কোর্সের যোগ্যতা:

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস/সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস/সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে সকল বিষয় ছাড়া অন্য বিষয়ে (ব্যবহারিক ব্যতীত) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

৪। আবেদন সম্পর্কিত করণীয়:

(ক) ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) নির্ধারিত Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Deg. Private) প্রদর্শিত সকল তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ 120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।

(গ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit Application অপশন নির্বাচন করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি ডাউনলোড করে A-4 সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।

(ঘ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

৫। প্রাইভেট ক্ষেত্রে জমা দিতে হবে:

(ক) এসএসসি এবং এইচএসসি পরীক্ষা পাশের মূল সনদপত্র ও মূল নম্বরপত্র জমা দিতে হবে।

(খ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

(গ) ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে- মর্মে প্রত্যয়নপত্র (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত)।

সার্টিফিকেট কোর্স ক্ষেত্রে-

(ক) এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস) পরীক্ষা পাশের মূল সনদপত্র ও মূল নম্বরপত্র জমা দিতে হবে।

(খ) এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস) পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।

২। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।

৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।

৪। সংরক্ষণ নথি।